দৈনিক জনকণ্ঠ

19 OCT 2002

# শিবির ছাত্রদলের কাঁধে বন্দুক রেখে শিক্ষাঙ্গনে ত্রাসের রাজত্ব কায়েম করছে ॥ ছাত্রলীগ

রাবি সংবাদদাতা ॥ বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ বলেছেন, জোট সরকারের প্রধান ছাত্র সংগঠন ছাত্রদল ছাত্রশিবিরের পেটে ঢুকে যাচ্ছে। শিবির ছাত্রদলের ঘাড়ে বন্দুক রেখে এখন শিক্ষাঙ্গনগুলোতে ত্রাসের রাজত্ব কায়েম করছে।

গত বুধবার গভীর রাতে রাজশাহী জেলা সার্কিট হাউসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে ছাত্রলীগ নেতৃবৃন্দ এ কথাগুলো বলেন। ছাত্রলীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন সভাপতি লিয়াকত শিকদার, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, সহ-সভাপতি রফিকুল ইসলাম কোতয়াল, মারুফা আখতার পপি, সাইফুজ্জামান শিখর প্রমুখ। নেতৃবৃন্দ বলেন, বর্তমান জোট সরকার যেভাবে বিরোধীদলীয় নেতাকর্মীদের ওপর মিথ্যা মামলা দায়ের করছে তা অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে শিবির কর্তৃক ছাত্রদল নেতাকর্মীদের হত্যা, নির্যাতনের ব্যাপারে প্রশ্ন করা হলে তাঁরা বলেন, ছাত্রলীগ একটি প্রগতিশীল ছাত্র সংগঠন। সে ক্ষেত্রে ছাত্রদল যদি প্রগতিশীল আন্দোলনে ছাত্রলীগের সহযোগিতা চায় অবশ্যই ওইসব মৌলবাদী ছাত্র সংগঠনকে সমূলে উৎপাটন করার জন্য একাত্মতা ঘোষণা করব।

এদিকে ওই রাতেই ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখার আহ্বায়ক কমিটি গঠন করা হয়। কামরুজ্জামান চঞ্চলকে আহ্বায়ক করে অন্য সদস্যরা হলেন তাজমুল ইসলাম তাজু, ইব্রাহীম হোসেন মুন, তৌহিদুল করিম কল্লোল, আয়েনউদ্দিন প্রমুখ। আহ্বায়ক কমিটিকে ক্যাম্পাসে নতুন উদ্যমে কার্যক্রম শুরু করার নির্দেশ দেয়া হয়েছে।